



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বি বি রোড
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

স্মারক নং: ৪৬.১৬.০০০০.০০৯.৪২.০০১.২০২৫, ৯৫৯

তারিখ: ১২/০৪/২০২৬ খ্রিঃ

ঠিকাদার তালিকাভুক্তি, নবায়ন ও হালনাগাদকরণ বিজ্ঞপ্তি (২০২৫-২০২৬ অর্থবছর)

১। নবায়ন:

এতদ্বারা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল শ্রেণির সরবরাহকারী বা ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিশেষ বিবেচনায় ঠিকাদারী লাইসেন্সের জরিমানা মওকুফ পূর্বক আগামী ০৭-০৫-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অর্থবছরভিত্তিক শুধুমাত্র নির্ধারিত নবায়ন ফি'র জমার রশিদ, ট্রেড লাইসেন্স ও তালিকাভুক্তির বহি প্রকৌশল বিভাগে প্রদর্শন করে নবায়নকাজ সম্পন্ন করা যাবে।


২। নতুন তালিকাভুক্তি ও নবায়ন ফি :

তালিকাভুক্তি এবং হালনাগাদ প্রত্যাহী সকল সরবরাহকারী বা ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ মোতাবেক শ্রেণিভিত্তিক তালিকাভুক্তি ফি ৫০০০/- টাকা, নবায়ন ফি ২০০০/- টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে তালিকাভুক্তি ফি ৩০০০/- টাকা এবং নবায়ন ফি ১৫০০/- টাকা নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করে তালিকাভুক্তি বহি গ্রহণ করতে হবে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় সরবরাহকারী বা ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি এবং নবায়ন ব্যতিরেকে সিটি কর্পোরেশনের আহবানকৃত কোন সীমিত দরপত্রে অংশগ্রহণ করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, e-GP রেজিস্ট্রেশন ব্যতিত এ সিটি কর্পোরেশনে ঠিকাদারী কাজে অংশগ্রহণ করা যাবে না।

১	মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২	সংস্থা	:	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩	ক্রয়কারীর নাম	:	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
৪	আবেদনকারীর যোগ্যতা	:	আবেদন ফরমে বিস্তারিত উল্লেখ আছে।
৫	আবেদন ফি	:	আবেদন ফি বাবদ ১০০০/- টাকা, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) হিসেবে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
৬	আবেদন ফরম ক্রয়	:	৫০০/- টাকা (অফেরৎযোগ্য)
৭	আবেদনপত্র দাখিল	:	ওয়ানস্টপ সার্ভিস, নগর ভবন, ১০ বি বি রোড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮	আবেদনপত্র প্রাপ্তির স্থান, সর্বশেষ তারিখ ও সময়	:	হিসাব বিভাগ, নগর ভবন, ১০ বি বি রোড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। ০৬-০৫-২০২৬ খ্রি. অফিস চলাকালীন বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত।
৯	আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়	:	০৭-০৫-২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত।

কর্তৃপক্ষ যে কোন আবেদনকারীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ আজগর হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, (বিপিপিএ), শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সদয় অবগতির জন্য)।
৫. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৬. নির্বাহী প্রকৌশলী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮. পি এস টু প্রশাসক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯. সম্পাদক, দৈনিক যুগের চিন্তা, নারায়ণগঞ্জ।
১০. সম্পাদক, দৈনিক সময়ের নারায়ণগঞ্জ।
১১. সম্পাদক, দৈনিক শীতলক্ষ্যা, নারায়ণগঞ্জ।
১২. সম্পাদক, দৈনিক সোজাসাপটা, নারায়ণগঞ্জ।
১৩. নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

উপরোক্ত বিজ্ঞপ্তিখানা তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ১৩-০৪-২০২৬
ইং তারিখ ১(এক) দিন নূন্যতম পরিসরে(৮ফন্ট সাইজ) ছাপানোর জন্য
অনুরোধ করা হল।